চুয়াডাঙ্গায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

‘তথ্য প্রযুক্তির সদ্ব্যবহার, আসক্তি রোধ’ শ্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে চুয়াডাঙ্গা ডিসি সাহিত্য মঞ্চে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মনিরা পারভীনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মো. আবু তারেক, আদর্শ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আজিজুর রহমান, সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের মেলায় ২৪টি স্টল স্থাপন করা হয়েছে।

আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞান মনস্ক হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে। আশা করবো এখান থেকে অর্জিত জ্ঞান দেশের কল্যাণে কাজে লাগবে।

আলমডাঙ্গায় এএমবি ইট ভাটায় পুড়ছে বনজ কাঠ

আলমডাঙ্গার কুমারি এএমবি ইট ভাটায় পুড়ছে বনজ কাঠ। পরিবেশ দূষন হলেও কর্তৃপক্ষ নিরব। দীর্ঘদিন প্রশাসনকে ম্যানেজ করেই এ ভাটায় ইট পুড়িয়ে রমরমা ব্যবসা পরিচালনা করছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের সরকারি নির্মিত ভ্যাটেনারি কলেজ প্রাঙ্গণে দীর্ঘদিন অবৈধ ভাবে ভাটা পরিচালনা করে

আসছে। এখানে সরকারি প্রতিষ্ঠান ও ঘন বসতবাড়ি উপেক্ষা করেই ভাটায় বনজ খড়ি পুড়িয়ে পরিবেশ নষ্ট করছে।

প্রশাসন আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন ইট ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করলেও এ ইট ভাটায় অদৃশ্য ছায়ায় প্রশাসনের চোঁখ এড়িয়ে যায়।

এদিকে, এএমবি ইট ভাটায় অজস্র মাটি ও ইটের গাড়ি যাতায়াতের কারণে গ্রামীণ রাস্তা ও প্রধান রাস্তায় মাটি পড়ে থাকায় দুর্ভোগে পড়তে হয় এলাকাবাসীকে।

এছাড়াও, মাটি পড়ার কারণে রাস্তায় ব্যাপক ধূলার সৃষ্টি হচ্ছে হচ্ছে। ভাটা কতৃপক্ষকে এলাকাবাসী জানালেও তারা কোন পদক্ষেপ না নিয়ে বরং তাদের উপরে রাজনৈতিক ক্ষমতা দেখাচ্ছে।

ইট ভাটায় খড়ি পোড়ানোর বিষয়ে ভাটা মালিক আব্দুল মজিদের সাথে কথা হলে তিনি বলেন, আমাদের ইট ভাটায় খড়ি পোড়ানোর অনুমোদন আছে। আমরা খড়ি পোড়াই আর যাই করি তোমাদের কোন সমস্যা।

আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা কমিটির সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলীর সভাপতিত্বে, অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন। তিনি বলেন, আমি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করি, আমার বিশ্বাস বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা একদিন প্রতিষ্টা লাভ করবে, এ বছর আমরা স্বাধীনতার সুবর্ন জয়ন্তি পালন করব, তার কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করাবে, কোন মানুষ গৃহহীন থাকবে

না, মাদক কে আমরা বয়কট করেছি, বাল্যবিবাহ বন্ধ করতে হবে।

বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভলো রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড. সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান নিতু, সহকারি কমিশনার (ভূমি) হুমায়ন কবির, উপজেলা প.প.কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদ, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুুরুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু। সভায় স্বাগত বক্তব্য রাখেন থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির।

সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার সোহরোয়ার্দী, শিক্ষা অফিসার আব্দুল বারি, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার।

যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর রহমান, আরও বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, মৎস সম্প্রসারণ কর্মকর্তা সাহিনা আক্তার, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, আনছার ভিডিপি কর্মকর্তা, খাদ্যকর্মকর্তা মোফাখ্ খাইরুল, ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান, নজরুল ইসলাম, প্রেস ক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

সভায় থানার অফিসার ইনচার্জসহ বক্তাগণ বলেন করোনাকালীন আমদের সকলেই পরিবার পরিজনসহ সকলকে নিয়ে সমস্যার মধ্যে দিয়ে দিন কাটাছে। আমরা আশা করি খুব তাড়াতাড়ি সরকার করোনার ভ্যাকসিন দেওয়া শুরু

করবে। চুয়াডাঙ্গা জেলায় ৩ হাজার ৬ শত ভ্যাকসিন পেয়েছি।

জীবননগর পৌর নির্বাচনে সাধারণ কাউন্সিলর পদে ২ জনসহ শেষ দিনে মেয়র পদে ১ প্রার্থীর মনোনয়ন পত্র প্রত্যাহার

আগামী ১৪ই ফেব্রুয়ারি আসন্ন জীবননগর পৌর নির্বাচনকে সামনে রেখে মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে সমাগম ছিল উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, আসন্ন জীবননগর পৌর নির্বাচনে মেয়র পদে ৪ জন কাউন্সিলর পদে ৪০ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ৯ জন মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন।

এর মধ্যে মেয়র প্রার্থীরা হলেন বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রার্থী জীবননগর পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম রফি, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মনোনীত ধানের শীর্ষের প্রার্থী শাজাহান কবির, আওয়ামী লীগের বিদ্রোহী স্বতন্ত্র প্রার্থী জীবননগর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম এবং ইসলামী আন্দোলনের মনোনীত হাত পাখার প্রার্থী খোকন মিয়া মেয়র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন।

গতকাল মঙ্গলবার মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ছিল। শেষ দিনে পৌর নির্বাচন থেকে মেয়র পদ থেকে প্রার্থীতা প্রত্যাহার করেন জীবননগর পৌর সভার বর্তমান মেয়র জাহাঙ্গীর আলম এবং কাউন্সিলর পদ থেকে দুই জন প্রার্থী প্রত্যাহার করেন ।

এমপি টগরের সাথে মতবিনিময় করলেন শিকড়ের সদস্যরা

চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগরের সাথে মতবিনিময় ও ফুলের শুভেচ্ছা বিনিময় করলেন সে¦চ্ছাসেবী সংগঠন শিকড়ের সদস্যরা।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দর্শনায় চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগরের বাড়িতে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজকল্যাণ সংস্থার সমস্ত কার্যক্রম তুলে ধরেন সংগঠনের যুগ্ম-সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ।

এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজকল্যাণ সংস্থার তুহিনুজ্জামান, লাবনী, মফিজুল ইসলাম, ওমর ফারুক, তনু, সাদিয়া, কবির আল চপল, রমজান হোসেন, মিম, সোহেল রানা, কামরুননাহার প্রমুখ।

জীবননগরে ভ্রাম্যমাণ আদালতে ৬ ব্যবসায়ীর জরিমানা

জীবননগরে লাইসেন্স না থাকায় ৬ ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর শহরে লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করার অপরাধে কাপড় ব্যবসায়ী, হার্ডওয়ারী ব্যবসায়ীসহ ৬ব্যবসা প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করেন চুয়াডাঙ্গা জেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন ।

আলমডাঙ্গার বলিয়ারপুরে অবৈধ ভাবে বালি উত্তোলন

আলমডাঙ্গায় বামা মেশিন দিয়ে গভীর থেকে সিলিকা বালি উত্তোলন করছে ইউনিয়ন পরিষদের দুই মেম্বর। সরকারি কাজের নামে উপজেলা নির্বাহী অফিসারের নাম ভাঙ্গিয়ে দীর্ঘদিন এ বালি ব্যবসা চালিয়ে আসছে তারা।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন পরিষদের বলিয়ারপুর গ্রামের বাহাদুর ও নাগদাহ গ্রামের সারোয়ার মেম্বর দলবদ্ধ ভাবে এ বালি উত্তোলন কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

বলিয়ারপুর বাজার প্রাঙ্গণে বসতবাড়ি ও বাগানের পাশের পুকুর থেকে গভীর থেকে সিলিকা বালি উত্তোলন করা হচ্ছে। এ বালি গুলো সরকারি আশ্রয় প্রকল্পের নামে উত্তোলন করা হলেও তা খুচরা বাজারে ও বিভিন্ন বাড়ির কাজের জন্য বিক্রয় করে।

এ দিকে, গত নভেম্বর মাসে নাগদাহ ইউনিয়নে এ দুই ইউপি সদস্যদের যোগসাজসে বলিয়ারপুর গ্রামের মাঠের মধ্য থেকে প্রায় ৩ শতাধীক গাড়ি বালি উত্তোলন করে। যার বাজার মূল্য ৩ লক্ষাধিক টাকা।

এ বালিগুলো নাগদাহ ও খাসকররা ইউনিয়নের আশ্রয়ণ প্রকল্পের ঘর নির্মাণের জন্য উত্তোলন করতে উপজেলা নির্বাহী কর্মকর্তা লিটন আলি নির্দেশ প্রদান করেন।

মৌখিক নির্দেশ অনুযায়ী বালি উত্তোলন করে খুচরা বসত বাড়িতে বিক্রয় করে। আবারো নাগদাহ ও খাসকররা, জামজামি ইউনিয়নের প্রকল্পের নামের বালি উত্তোলনের নির্দেশ দেয় উপজেলা নির্বাহী কর্মকর্তা।

এ বালি উত্তোলনের ঘটনায় আলমডাঙ্গার বালি ব্যবসায়ী ও ঠিকাদাররা ত্রিব্য সমালোচনা করেন। বালি উত্তোলনে নিষেধাজ্ঞা থাকার কারণে কোটি কোটি টাকার রাস্তাসহ বিভিন্ন সরকারি কাজ স্থগিত রয়েছে। তবে, ইউপি সদস্যদের কেনো মৌখিক অনুমোদনের নামে তাদের বালি ব্যবসায় সহযোগীতা করছে উপজেলা নির্বাহী কর্মকর্তা।

এ ঘটনায় কয়েকজন বালি ব্যবসায়ী বলেন, বালি ব্যবসা করে আমরা সংসার চালিয়ে খেতাম। বর্তমান উপজেলা নির্বাহী অফিসার বালি উত্তোলনে নিষেধাজ্ঞা জারির পর থেকে আমরা কষ্টে জীবন যাপন করছি।

জেলা ও উপজেলা ঠিকাদারেরা জানান, প্রশাসনের চাপের কারণে আমরা বালি পাচ্ছি না। বালি না পাওয়ায় কোটি কোটি টাকার সরকারি কাজ করা সম্ভব হচ্ছে না।

দর্শনায় মাদক ব্যবসা করায় স্ত্রীকে তালাক

চুয়াডাঙ্গা জেলার দর্শনার মোহাম্মদপুরে স্বামীর চোখ ফাঁকি দিয়ে ফেনসিডিল ব্যবসা করায় স্ত্রীকে তালাক দিয়েছে স্বামী। জানা যায়, দর্শনার মোহাম্মদপুর মসজিদ পাড়ার বাসিন্দা মোঃ জনি ড্রাইভার
(৪০) এর স্ত্রী মোছাঃ শারমিন বেগম গোপনে ফেনসিডিল এর ব্যবসা করতেন।

এ বিষয়ে স্বামী মোঃ জনি তার স্ত্রী শারমিন বেগমকে বেশ কয়েকবার মানা করেন ফেনসিডিল এর ব্যবসা না করার জন্য। কিন্তু শারমিন বেগম তার স্বামীর কথা না শুনে গোপনে দীর্ঘদিন এই মাদক ব্যবসা করে আসছিল।

গতকাল শারমিন বেগম এর শ্বশুর ও শাশুড়ির কাছে হাতে নাতে ধরা পড়ে। শ্বশুর ও শাশুড়ি বলেন, তাদের ছেলের বউ শারমিন বেগম বাথরুমে ২০০ বোতল লুকিয়ে রাখে কিন্তু সেটা আমাদের চোখে পড়ে যায় এই বিষয়ে আমি আমার ছেলেকে সাথে সাথে জানালে আমার ছেলে বাসায় এসে তার স্ত্রী কে আর রাখবে না বলে সিদ্ধান্ত নেয় এবং বলে এতবার মানার পরে এই অসৎ কাজে আবার যুক্ত হয়ে আমাদের মান সম্মান নষ্ট করেছে তাই আমি এই বউ আর রাখবো না।

সাথে সাথে তালাক দিয়ে দেন স্বামী মোঃ জনি ড্রাইভার। জানা যায়, শারমিন বেগম ২ সন্তানের জননী। চুয়াডাঙ্গা কোর্ট আদালতে এড্যাভোকেট আসলাম উদ্দীনের স্বাক্ষর এ তালাক হয়। এ বিষয়ে শারমিন

দামুড়হুদায় আধুনিক পদ্ধতিতে ধানের চারা রোপণের উদ্বোধন

দামুড়হুদায় আধুনিক পদ্ধতিতে সমালয় ব্লক প্রদর্শনী বোরো ধানের প্রদর্শনী প্রটের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এই প্রথম দামুড়হুদায় আধুনিক পদ্ধতি ধান চাষ শুরু করা হয়েছে।
গতকাল সোমবার বিকাল ৪টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাইস প্লান্টার মেশিনের মাধ্যমে ধানের চারা রোপণের উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, এ দেশের অর্থনীতি মূলত ধান উৎপাদনের উপর নির্ভরশীল। দেশে ক্রমবর্ধমান জনসংখ্যা বাড়ার সাথে সাথে বৃদ্ধি পাচ্ছে খাদ্য চাহিদা। নতুন নতুন বাড়ী-ঘর, রাস্তা-ঘাট, হাট-বাজার, শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠায় কমছে আবাদি জমির পরিমাণ। চাষাবাদযোগ্য জমির পরিমাণ বৃদ্ধির সুযোগ না থাকায় আধুনিক পদ্ধতিতে ধান চাষাবাদের মাধ্যমে কম খরচে অধিক ফলন বাড়াতে আমাদের উচ্চ ফলন শীল ও আধুনিক পদ্ধতির দিকে এগিয়ে যেতে হবে।

চুয়াডাঙ্গা জেলা কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান এর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কোমার সিংহ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান।

স্বাগত বক্তব্যে কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান বলেন, দিন দিন আবাদি জমির পরিমাণ কমে যাচ্ছে। সেই সঙ্গে কৃষি শ্রমিকের সংখ্যা হ্রাস পাচ্ছে। ফলে কৃষিতে শ্রমিকের মজুরি বেড়ে যাচ্ছে, তাতে করে ধানের উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। এই কারণে ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি

গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় বিশেষ কার্যক্রম হাতে নিয়েছে।

ধানের উৎপাদন খরচ কমাতে দেশের ৪৯২ উপজেলার মধ্যে ৬১টি উপজেলায় প্রথমবারের মতো এই পদ্ধতিতে চাষ করা হচ্ছে। এর মধ্যে দামুড়হুদা উপজেলা সদরের অদূরে হাউলির ১নং সেচ পাম্পো আওতায় মাঠের ১৫০ বিঘা জমিতে হাইব্রিড জাতের এই ধান চাষ করা হবে। এরই মধ্যে তিন ধরনের পদ্ধতিতে বীজতলা ও চারা তৈরির সম্পন্ন হয়েছে। গতকাল থেকে রোপণ কাজ শুরু করা হলো কয়েক দিনের মধ্যে সমস্ত জমিতে রোপণ কাজ সম্পন্ন করা হবে।

এছাড়াও বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য আওয়ামী লীগ নেতা শফিউল কবির ইউসুফ, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, ১নং কৃষক সেচ কমিটির সভাপতি ইসমাইল হোসেন, কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম।

অনুষ্ঠান শেষে দেশের সবচেয়ে বড় (৪০) বিঘা জমিতে সফল মাল্টা চাষি শাখাওয়াত হোসেন ও ইটার মৌসুম শেষে ঐ জমিতে ধান চাষের জন্য ইটভাটা মালিক সমিতির সভাপতি টিটু মিয়াকে সম্মনা সরুপ ক্রেস্ট প্রদান করা হয়। বীজ তলা তৈরীতে সহায়তা করার জন্য আব্দুর রশিদ, আমিনুল ইসলাম ও সাইদুর রহমানকে পুরস্কৃত করা হয়। এর আগে অতিথিগণের উপস্থিতিতে রাইস প্লান্টার মেশিনের মাধ্যমে ধানের চারা রোপণের উদ্বোধন করা হয়।

নির্বাচন থেকে সরে যাওয়ার ঘোষণা দিলেন জীবননগর পৌর মেয়র

অবশেষে অনেক জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে জীবননগর পৌর নির্বাচনে আওয়ামী লীগের একক প্রার্থী হলেন জীবননগর পৌর আওয়ামী লীগের